আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ খায়রুল ইসলাম চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
সভার তারিখ	:	২২ জুন ২০২৩ খ্রিঃ
সভার সময়	:	বেলা : ১১.৩০ ঘটিকা।

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১। বিভাগীয় আলোচনা :

ক্র: নং	বিভাগীয় আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কুরবানির হাট মনিটরিং করার জন্য ভেটেরিনারি মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। উক্ত মিডিক্যালটিম বিভিন্ন হাট পরিদর্শন করবে এবং অসুস্থ প্রাণির চিকিৎসা করবে। কেউ গবাদি প্রাণিতে স্টেরয়েড ব্যবহার তরলে সেগুলো চিহ্নিত করবে। অনলাইনে গবাদি প্রাণি ক্রয় বিক্রয়ের জন্য "অনলাই কোরাবনির পশুর হাট, আটপাড়া, নেত্রকোণা" পেইজ খোলা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঈদ-উল-আযহার পূর্ববর্তী গরুর হাটে নিয়মিত মিডিক্যালটিম পরিদর্শন করবে এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা
০২.	**উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বৈকালিক চেম্বার চালু হয়েছে এবং সার্জারী শুরু হয়েছে। NCD কর্ণারের Auto mation চালু হয়েছে। IPS, Solar নষ্ট হয়ে গেছে এবং তা মেরামতের অযোগ্য হয়ে পরেছে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসরকে অনুরোধ করেন। এর এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে স্বাস্থ্য কমপ্লেক্সে জেনারেটর দেয়ার প্রকল্পের কা দ্রুত শেষ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।
০৩.	**কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে রোপা আমন আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৭৫০ জন কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ বীতরণ করা হয়েছে। আউশের আবাদ বৃদ্ধির লক্ষ্যে সম্পূরক সেচের ব্যবস্থা জোরদার করতে হবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে	উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৪.	**ব্রাণ ও দুর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা ও	ইউপি চেয়ারম্যানগণ টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায়	১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,

	টিআরের কাজ সম্পন্ন হয়েছ এবং ১৫ মিটার ব্রীজ প্রকল্পের কাজ চলমান। গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টি.আর) উপজেলা পরবিষদের ৩য় পর্যায়ের বরাদ্দের প্রকল্প তালিকা জেলায় অনুমোদন হয়েছে যার প্রক্ষিতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রকল্প গুলো দ্রুত কাজ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সিদ্ধান্ত গৃহীত হয়।	আটপাড়া,নেত্রকোণা। ২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা।
০৫.	**প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, এ মাসে উপজেলার ১০৩ টি বিদ্যালয়ে প্রায় ১২০০০/- (বার হাজার) শিক্ষার্থীর উপবৃত্তির বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষক ১ টি করে বৃক্ষরোপন শুরু করেছেন। ঈদের পরপর বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট শুরু হবে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	০১. উপবৃত্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাতে হবে প্রতারক চক্র জেন পিন কোড না নিতে পারে সে বিষয়ে সবাইকে অবহিত করতে হবে। ০২. বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে।	০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা। ০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা ০৩. উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৬.	**সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২২-২৩ অর্থবছরের সকল কিস্তির বিভিন্ন কার্যক্রমের ভাতার অর্থ বিতরণ করা হয়েছে। প্রতিবন্ধী জরিপ কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	০১. প্রতিবন্ধী জরিপ কার্যক্রমে সঠিক তালিকা করার বিষয়ে সজাগ থাকতে হবে। ০২. সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৭	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরের এডিপি খাতে বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্পসমূহ জরুরীভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে দুওজ ইকরাটিয়া বাগ্রার হাওর ইউড়েইন নির্মাণ বাবাদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প গ্রহণ প্রয়োজন। মুজিব শতবর্ষে ভূমিহীণ ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় প্রস্তাবের জন্য ০১. সুতারপুর মাদ্রাসা-কোনাপাড়া বাজারসরক আইডি নম্বর-৩৭২০৪৫১৯৬ দৈর্ঘ্য ০.৫০ কি:মি: ০২. দিয়াড়া কমিউনিটি ক্লিনিক শ্রীরামপুর স:প্রা: বিদ্যালয় সড়ক আইডি নম্বর-৩৭২০৪৫১১৫ দৈর্ঘ্য ২.০০ কি:মি: ০৩. পাহাড়পুর মোড়- আশ্রয়ন প্রকল্প আইডি নম্বর-৩৭২০৪৫১৯৭ দৈর্ঘ্য ১.০০ কি:মি: ৪. জয়নগর ঈদগাহ মোড় আশ্রয়ণ প্রকল্প আইডি নং ৩৭২০৪৫১৯৮ দৈর্ঘ্য ০.৫০ কি:মি:, ৫. কোণাপাড়া বাজার মোড় স'মিল আশ্রয়ণ প্রকল্প ৩৭২০৪৫১৯৯, দৈর্ঘ্য ০.১০ কি:মি:। তিনি বলেন যে, ৩০ মার্চ ২০২৩ তারিখের উপজেলা পরিষদ সভায় উপজেলা নির্বাহী অফিসারের কর্যালয়ে স্থাপিত উপজেলা সর্ভার রুমটি এ কর্যালয়ের ছাদে নির্মাণের জন্য একটি সার্ভার রুম করা প্রয়োজন জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে সার্ভার রুম স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল কিন্তু উক্ত প্রকল্পটি এডিপি থেকে বাস্তবায়ন কারায় রাজস্ব তহবিল হতে গ্রহণকৃত প্রকল্পটি বাতিল করা প্রয়োজন। তিনি আরো জানান যে, ৩০ মার্চ ২০২৩	০১. ২০২২-২৩ অর্থ বছরের এডিপি খাতে বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ০২.২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে দুওজ ইকরাটিয়া বাগ্রার হাওর ইউড়েইন নির্মাণ বাবাদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ০৩. মুজিব শতবর্ষে ভূমিহীণ ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহসমূহের সংযোগ ও অভ্যন্তরীণ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় প্রস্তাবের জন্য ০১. সুতারপুর মাদ্রাসা-কোনাপাড়া বাজারসরক আইডি নম্বর-৩৭২০৪৫১৯৬ দৈর্ঘ্য ০.৫০ কি:মি: ০২. দিয়াড়া কমিউনিটি ক্লিনিক শ্রীরামপুর স:প্রা: বিদ্যালয় সড়ক আইডি নম্বর-৩৭২০৪৫১১৫ দৈর্ঘ্য ২.০০ কি:মি: ০৩. পাহাড়পুর মোড়- আশ্রয়ন প্রকল্প আইডি নম্বর-৩৭২০৪৫১৯৭ দৈর্ঘ্য ১.০০ কি:মি: ৪. জয়নগর ঈদগাহ মোড় আশ্রয়ণ প্রকল্প আইডি নং ৩৭২০৪৫১৯৮ দৈর্ঘ্য ০.৫০ কি:মি:, ৫. কোণাপাড়া বাজার মোড় স'মিল আশ্রয়ণ প্রকল্প ৩৭২০৪৫১৯৯, দৈর্ঘ্য ০.১০ কি:মি:।রাস্তার প্রস্তাব প্রেরণের সুদ্ধান্ত গৃহীহ হয়। ০৪. ৩০ মার্চ ২০২৩ তারিখের উপজেলা পরিষদ সভায় উপজেলা নির্বাহী অফিসারের কর্যালয়ে স্থাপিত উপজেলা সর্ভার রুমটি এ কর্যালয়ের ছাদে নির্মাণের জন্য একটি সার্ভার রুম করা প্রয়োজন জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে সার্ভার রুম স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল কিন্তু উক্ত প্রকল্পটি এডিপি থেকে বাস্তবায়ন কারায় রাজস্ব তহবিল হতে গ্রহণকৃত প্রকল্পটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। ০৫. ৩০ মার্চ ২০২৩ তারিখের উপজেলা পরিষদ	উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।

	তারিখের উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদ প্রধান প্রবেশ পথের গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ মেইন গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল কিন্তু উক্ত প্রকল্পটি এডিপি থেকে বাস্তবায়ন কারায় রাজস্ব তহবিল হতে গ্রহণকৃত প্রকল্পটি বাতিল করা প্রয়োজন। প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন।	সভায় উপজেলা পরিষদ প্রধান প্রবেশ পথের গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদ মেইন গেইটে ডিজিটাল বোর্ড স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়েছিল কিন্তু উক্ত প্রকল্পটি এডিপি থেকে বাস্তবায়ন কারায় রাজস্ব তহবিল হতে গ্রহণকৃত প্রকল্পটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৮.	**সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। আশ্রয়ন-২ এর আওতায় পূণর্বাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোষী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা।
০৯.	**যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে এবং সকলকে অবগত করা হয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা।
১০.	**পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় পরিবার পরিকল্পনা বিভাগের নিজস্ব বিল্ডিং নির্মাণের জন্য ১০ শতাংস জায়গা বরাদ্দ প্রধানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অনুরোধ জানান। তিনি দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
১১.	**পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা।
১২	**মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।।	উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা
১৩.	**উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, SEDP প্রকল্পের আওতায় পারপরমেন্স বেজড গ্রান্টস' প্রদানের জন্য মাধ্যমিক পর্যায়ে সকল স্কুল ও মাদ্রাসার সভাপতি, প্রধান শিক্ষক, অধ্যক্ষ, সুপার, সহকারী প্রধান শিক্ষক, সহকারী সুপার এবং সিনিয়র শিক্ষকগণকে নিয়ে একটি সফল ওয়ার্কসপ সম্পন্ন করা হয়েছে। PBGSI স্কীমের আওতায় আটপাড়া উপজেলায় মোট ১১টি শিক্ষা প্রতিষ্ঠানে ৫ লক্ষ টাকা করে অনুদান	সফল PBGSI ওয়ার্কশপের জন্য সভার পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।

	পেয়েছে। PBGSI স্কীমের দ্বিতীয় পর্যায়ের অনুদান প্রাপ্তির জন্য আরও ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।		
১৪.	উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অভ্যন্তরিন খাদ্য শষ্য সংগ্রহ চলামন আছে এবং বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা।
১৫.	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী সভায় জনান যে, গত ১৮.০৫.২০২৩ খ্রি. তারিখে এস.এস.সি পরীক্ষার দায়িত্ব থাকায় সভায় অনুপস্থিত ছিলেন। তিনি আরো জানান যে, উপজেলা WATSON কমিটির মিটিং হওয়ার পরেও ২০২২-২০২৩ অর্থ বছরের স্থান তালিকা পাওয়া যায়নি। স্থান তালিকা দ্রুত প্রয়োজন। অন্যতায় কাজ বাস্তবায়নে জটিলতা তৈরী হবে। আশ্রয়ন প্রকল্পে সাব মার্সেবল টিউবওয়ে স্থপনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	স্থান তালিকা দ্রুত দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।	চেয়ারম্যান সকল আটপাড়া নেত্রকোণা। ও উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা।
	বিদ্যুৎ বিভাগ, আটপাড়া: সহকারী জেনারেল ম্যানেজার সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা।

০৩ (১) চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপ-

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ।
০১	উপজেলা অফিস সমূহের ১৭ টি স্ট্যান্ডিং কমিটির সভার সম্মানী দেয়ার জন্য অনুরোধ করেন। তার অফিস কক্ষে চেয়ারয় তা ব্যবহারে অনুপযোগী টেবিল পুরাতন হওয়া, হয়ে গেছে। তার অফিস কক্ষে চেয়ার টেবিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা অফিস সমূহের ১৭ টি স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীসহ সভার বিল দাখিল সাপেক্ষে সম্মানী গ্রেণর সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া নেত্রকোণা ও উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার অফিস কক্ষে প্রয়োনের তুলনায় চেয়ারের স্বল্পতা রয়েছে । আরো ১০ টি চেয়ার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধন করেন।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে ঈদ-উল-আযহার অগ্রীম শুভেচ্ছা জানান। তিনি বলেন যে, সামনে ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সব দপ্তরের অফিস ঈদের ছুটিতে বন্ধ থাকবে এ সময় সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষ তার নিরাপত্তা প্রহরীদের শতর্ক থাকার নির্দেশ দেয়ার জন্য অনুরোধ করেন। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি, অতিদরিদ্র, টিআর, কাবিটা ইত্যাদি খাতসমূহে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ।
ক) সভায় অত্র উপজেলা পরিষদে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আটপাড়া সাব জোনাল অফিস, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের ১. উপজেলা অফিসার্স ক্লাব (উপজেলা চেয়ারম্যানের বাসভবন), ২.উপজেলা পরিষদ	সভায় অত্র উপজেলা পরিষদে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আটপাড়া সাব জোনাল অফিস, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের ১. উপজেলা অফিসার্স ক্লাব (উপজেলা চেয়ারম্যানের বাসভবন), ২.উপজেলা পরিষদ	উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।

মিলনায়তন, ৩. উপজেলা পরিষদ কমপ্লেক্স (রাস্তার বাতিসহ), ৪. উপজেলা পরিষদ জামে মসজিদ মোট ০৪ (চার) টি মিটারের জুন/২০২৩ পর্যন্ত বকেয়া বিল বাবদ (২৩০২৫+১৭২১৭+১০০৪৯+৪০৩৯৬)=৯০,৬৮৭ টাকা বকেয়া রয়েছে। এ সংক্রান্ত বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার অনুমোদন প্রয়োজন।	মিলনায়তন, ৩. উপজেলা পরিষদ কমপ্লেক্স (রাস্তার বাতিসহ), ৪. উপজেলা পরিষদ জামে মসজিদ মোট ০৪ (চার) টি মিটারের জুন/২০২৩ পর্যন্ত বকেয়া বিল বাবদ (২৩০২৫+১৭২১৭+১০০৪৯+৪০৩৯৬)=৯০,৬৮৭ টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।	
খ) সভায় উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র মোবারকপুর মৌজার ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ করার বিষয় আলোচনা করা হয়।	খ) সভায় উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র মোবারকপুর মৌজার ১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।
গ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা প্রদানের বিষয়ে সভায় আলেচনা করা হয়।	গ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা'র এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।
ঘ) উপজেলা পরিষদ অধীনস্থ অফিসসমূহ এবং পরিষদের সভার সদস্যগণের জন্য রাজস্ব তহবিল হতে ডায়েরি ক্রয় করার বিষয়ে আলোচনা করা হয়।	ঘ) উপজেলা পরিষদ অধীনস্থ অফিসসমূহ এবং পরিষদের সভার সদস্যগণের জন্য রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার ডায়ের ক্রয়র করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৬/২৩

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

তারিখঃ ০৮ আষাঢ় ১৪৩০ বাংলা / ২২ জুন ২০২৩ খ্রিঃ

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৪৭৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা .....অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব .....

২২/৬/২৩

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১